

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস, চাঁপাইনবাবগঞ্জ
cooperative.chapainawabganj.gov.bd

নম্বর: ৪৭.৬১.৭০০০.০০০. ৯৮

তারিখ: ৫/৩/২৩

অফিস আদেশ

সমবায় অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৪৭.৬১.০০০০.০৩১.৪২.০০৫.২১.১৫, তারিখ-২৭/০২/২০২৩খ্রিঃ এর নির্দেশনা এবং জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এ দপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে প্রতিনিধি মনোনয়ন কার্যক্রমটি সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ(এপিএস) আইডিয়া হিসেবে গ্রহণ করা হয়েছে।

০২। সমবায় সমিতি আইন, ২০০১ এর ১৮(২)(খ) উপ-ধারা অনুযায়ী প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে প্রতিনিধি মনোনয়ন প্রদানে বিদ্যমান ৩৮টি ধাপ এসপিএস এর আওতায় কমিয়ে ১৩টি ধাপে বর্ণিত সেবা প্রদান করার প্রসেস ম্যাপ প্রস্তুত করা হয়েছে; যার মাধ্যমে সেবা গ্রহিতার TCV কম হবে এবং সেবা প্রাপ্তি সহজ হবে।

০৩। গৃহিত এসপিএস আইডিয়া বাস্তবায়নের লক্ষ্যে আগামী ০৭/০৩/২০২৩খ্রিঃ তারিখ হতে প্রাথমিক সমবায় সমিতি কর্তৃক উপজেলা সমবায় অফিসার এর নিকট দাখিলকৃত ১৮(২)(খ) উপ-ধারা অনুযায়ী প্রতিনিধি মনোনয়ন এর প্রস্তাব সরাসরি জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করা যাবে। আইডিয়াটি আগামী ০৭/০৩/২০২৩খ্রিঃ তারিখ হতে বাস্তবায়ন করা হবে।

সংযুক্তি: এসপিএস আইডিয়া ও বাস্তবায়ন কৌশল সংক্রান্ত কাগজপত্র ১৩ পাতা।



মোঃ আকরাম হোসেন

জেলা সমবায় কর্মকর্তা

চাঁপাইনবাবগঞ্জ।

ফোন: ০২৫৮৮৮৯৩৫৬৫

dco.chapainwabganj@coop.gov.bd


dco_chapai@yahoo.com

নম্বর: ৪৭.৬১.৭০০০.০০০. ৯৮/২(৫)

তারিখ: ৫/৩/২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। উপজেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
- ২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। যুগ্ম-নিবন্ধক, উৎপাদনমুখী শিল্প শাখা, সমবায় অধিদপ্তর, ঢাকা ও দলনেতা সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ মনিটরিং সেল
- ৪। অতিরিক্ত নিবন্ধক(প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর, ঢাকা ও আহবায়ক, ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।



জেলা সমবায় কর্মকর্তা

চাঁপাইনবাবগঞ্জ।